

2022

## BENGALI

(Honours)

Paper Code : VI - A & B

(New Syllabus)

Full Marks : 100

Time : Four Hours

Paper Code : VI - A

(Marks : 20)

Choose the correct answer.

Each question carries 1 Mark.

1. বীরাঙ্গনা' কাব্যে উল্লেখ্য দুই নারী অনুসূয়া-প্রিয়ংবদা কোন্ পত্রে উল্লেখ আছে?  
(A) জয়দ্রথের প্রতি দুঃশলা  
(B) দুঃশলার প্রতি শকুন্তলা  
(C) অর্জুনের প্রতি দ্রৌপদী  
(D) শান্তনুর প্রতি জাহ্নবী
2. 'শেষ খেয়া' কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?  
(A) বলাকা  
(B) খেয়া  
(C) পরিশেষ  
(D) পুনশ্চ
3. 'বেলা যে পড়ে এল জলকে চল' — এই পঙক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?  
(A) বধু  
(B) মানসী  
(C) সুরদাসের প্রার্থনা  
(D) নিষ্ফল কামনা
4. 'বীরাঙ্গনা' কাব্যে উল্লেখ্য জাহ্নবীর পুত্রের নাম কী?  
(A) প্রদীপ  
(B) বশিষ্ঠ  
(C) জয়দ্রথ  
(D) দেবব্রত

5. 'ঐ মহামানব আসে' — কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?
- (A) শেষলেখা  
(B) পরিশেষ  
(C) পুনশ্চ  
(D) খেয়া
6. 'বেজে উঠল তুরী ভেরি গরগর শব্দে' পঙ্ক্তিটিতে 'তুরী-ভেরি' শব্দের অর্থ কী?
- (A) যুদ্ধের দামামা  
(B) মেশিনের শব্দ  
(C) নাটকের গান  
(D) বিবাহের বাদ্য
7. উজ্জয়িনী, দশার্ণ, অবন্তী পুরী শিপ্রা নদীর উল্লেখ আছে কোন্ কবিতায়?
- (A) সুরদাসের প্রার্থনা  
(B) মেঘদূত  
(C) অহল্যার প্রতি  
(D) নিষ্ফল কামনা
8. জনার পুত্রের নাম কি?
- (A) প্রবীর  
(B) পুরুষবা  
(C) যযাতি  
(D) ধৃতরাষ্ট্র
9. 'ধর্মমোহ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (A) চৈতালি  
(B) চিত্রা  
(C) খেয়া  
(D) পরিশেষ
10. 'বীরাস্তনা' কাব্যটি মধুসূদন দত্ত কাকে উৎসর্গ করেছিলেন?
- (A) রবীন্দ্রনাথ ঠাকুর  
(B) সত্যেন্দ্রনাথ ঠাকুর  
(C) সমর সেন  
(D) বিদ্যাসাগর

11. 'মোর উত্তরীয়ে/রঙ লাগায়েছি প্রিয়ে' পঙ্ক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?
- (A) নবজাতক  
(B) চিত্রা  
(C) চৈতালি  
(D) পুনশ্চ
12. 'খেয়া' কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুর কাকে উৎসর্গ করেছেন?
- (A) জগদীশ চন্দ্র বসু  
(B) কৃষ্ণ কৃপালনী  
(C) কাদম্বরী দেবী  
(D) আচার্য প্রফুল্লচন্দ্র রায়
13. 'জাগো মাভৈঃ মাভৈঃ রব — 'মাভৈঃ' শব্দের অর্থ কী?
- (A) মনের ভয়  
(B) ভয় পেয়ো না  
(C) ভীত হও  
(D) সাহসী
14. 'স্কুদে সিঁধেল চোর' — এখানে 'সিঁধেল' কথার অর্থ হলো —
- (A) সাদাসিধা  
(B) পাকা  
(C) সিঁধ কাটা  
(D) কাঁচা
15. 'সংগতি' কথার অর্থ হলো —
- (A) দ্বন্দ্ব  
(B) কলহ  
(C) ঝগড়া  
(D) মিল
16. 'যেতে পারি কিন্তু কেনো যাবো' — কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (A) যেতে পারি কিন্তু কেনো যাবো  
(B) হে প্রেম, হে নৈঃশব্দ  
(C) অবনী বাড়ি আছে?  
(D) হেমস্তের অরণ্যে আমি পোস্টম্যান

17. “দেবতা তবুও ধরেছে মলিন ঝাঁটা” — এখানে ‘দেবতা’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (A) বিশ্বস্রষ্টা  
(B) ভগবান  
(C) বিষ্ণু  
(D) শিব
18. “যদিও মা তোর দিব্য আলোক ঘিরে আছে আজ আঁধার ঘোর” — এখানে ‘মা’ কে?
- (A) জন্মদাত্রী  
(B) দেশমাতৃকা  
(C) দেবী দুর্গা  
(D) সকল মাতা
19. ‘মেঘদূত’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (A) মানসী  
(B) চিত্রা  
(C) পলাতকা  
(D) চৈতালি
20. “কোথা হ’তে এলি তুই, ওরে ওরে ওরে চোর” — পঙ্ক্তিটির রচয়িতা কে ?
- (A) রবীন্দ্রনাথ ঠাকুর  
(B) কামিনী রায়  
(C) গিরীন্দ্রমোহিনী দাসী  
(D) মানকুমারী বসু
-

**Paper Code : VI - B**

(Marks : 80)

*The figures in the margin indicate full marks.  
Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

১। 'বীরাঙ্গনা কাব্য' — এ প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব কতটা লক্ষ করা যায় তা আলোচনা করো। ১৪

অথবা

'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকা অবলম্বনে জনার চরিত্র পরিস্ফুট করো। ১৪

২। 'মানসী' কাব্য থেকেই রবীন্দ্রনাথ যথার্থ অর্থে কবি হয়ে উঠলেন — 'মানসী' কাব্যের কয়েকটি কবিতা অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা নিরূপণ করো। ১৪

অথবা

'সুরদাসের প্রার্থনা' কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো। ১৪

৩। 'চিত্রা' কাব্যের 'জীবনদেবতা' কবিতায় কবি 'জীবনদেবতা' বলতে কী বুঝিয়েছেন? এই জীবনদেবতা কীভাবে কবির সঙ্গে যুক্ত তা আলোচনা করো। ১২

অথবা

'ওরে আয়, আমায় নিয়ে যাবি কে রে/দিন শেষের শেষ খেয়ায়' — এই বক্তব্যের মধ্যে দিয়ে কীভাবে কবির মৃত্যুচেতনা প্রকাশ পেয়েছে, আলোচনা করো। ১২

৪। (ক) সার্থক দেশপ্রেমের গান হিসেবে দ্বিজেন্দ্রলাল রায়ের 'আমার দেশ' কবিতা কতটা গ্রহণযোগ্য — আলোচনা করো। ১০

অথবা

“বর্তিকা লইয়া হাতে চলেছিলে একসাথে

পথে নিভে গেল আলো,”

— এখানে বর্তিকা শব্দের অর্থ কী? কবি কামিনী রায়ের এই বার্তায় যে সমাজমনস্কতা ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো। ১০

(খ) কবি গিরীন্দ্রমোহিনী দাসীর 'চোর' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

'স্মৃতিপূজা' কবিতার বিষয়বস্তু এবং মূলভাব বুঝিয়ে দাও। ১০

৫। (ক) 'একটি কবিতার জন্য' কবিতাটি কীভাবে রাজনৈতিক ভাবাদর্শের একটি সার্থক, বলিষ্ঠ কবিতা হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১০

( 6 )

অথবা

- ‘সংগতি’ কবিতার মূল ভাব সংক্ষেপে আলোচনা করে কবিতাটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
- (খ) ‘পদধ্বনি’ কবিতায় মধ্যবিভের মানসিক সংকট কীভাবে রূপায়িত হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা

‘যেতে পারি কিন্তু কেন যাবো’ কবিতায় কবির মৃত্যুচেতনার প্রকাশ ঘটেছে — এ বিষয়ে তোমার মতামত লিপিবদ্ধ করো। ১০

---